গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
ইনোভেশন টিম

জিএসবির ২০২২-২০২৩ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ১ম সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | সালমা আক্তার<br>পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি, ইনোভেশন টিম |
| সভার তারিখ | ০৬ সেপ্টেম্বর, ২০২২ |
| সভার সময় | বেলা ১১:০০ ঘটিকা |
| স্থান | ভূতত্ত্ব ভবনের পঞ্চম তলার সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সংযুক্ত |

আলোচ্য বিষয়

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩

বিবিধ

আলোচনা

সভার সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি প্রথমেই ইনোভেশন টিমের বিগত বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা সফলভাবে বাস্তবায়নের জন্য টিমের সকলকে ধন্যবাদ জানান। সদস্য সচিব জনাব মোঃ আহসান হাবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ইনোভেশন টিমের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ উপস্থাপন করেন।

০১। সভায় উল্লেখ করা হয় যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রম ১.১ এ সেবাসহজিকরণ/ডিজিটাইজেশন এর মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষমাত্রা রয়েছে। জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) ও জনাব মোহাম্মদ জহির উদ্দিন উপ-পরিচালক (ভূপদার্থ) ২০২৩ সালের মে মাসের পূর্বে এটি বাস্তবায়নের ব্যাপারে সভায় আলোকপাত করেন। এ বিষয়ে সভার সভাপতি টিমের সদস্য সচিব কে উদ্ভাবনী ধারণা জমা নেয়ার ব্যাপারে একটি সার্কুলার জারীর জন্য নির্দেশনা প্রদান করেন।

০২। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ এর কার্যক্রম ১.২ এ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা এবং সেবা সমূহ চালু রাখা এর ব্যাপারে নির্দেশনা রয়েছে। এ বিষয়ে বিকল্প ফোকাল পয়েন্ট জনাব মোঃ মহি উদ্দিন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ইতঃপূর্বে বাস্তবায়িত আইডিয়াগুলোর আইডিয়া প্রদানকারী বরাবর নির্দিষ্ট ছক সংযুক্ত করে সার্কুলার দিয়ে তথ্য এবং সেবা সমূহ চালু কিনা সে বিষয়ক প্রত্যয়ন নেয়ার ব্যাপারে মতামত ব্যাক্ত করেন।

০৩। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ এর কার্যক্রম [১.৩] ই-নথির ব্যবহার বৃদ্ধি ও [২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ এর বিষয়ে টিমের ফোকাল পয়েন্ট জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) জানান এই দুই বিষয়ে বিগত অর্থবছরের চেয়ে আরও সফলভাবে বাস্তবায়ন প্রয়োজন। সভাপতি টিমের ফোকাল পয়েন্ট কে এ বিষয়ক কমিটির সাথে যোগাযোগ রেখে কিভাবে আরও ভালো করা যায় তার নির্দেশনা প্রদান করেন।

০৪। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ এর কার্যক্রম ১.৪ এ ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেন্জ মোকাবিলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয় ভিত্তিক কর্মশালা আয়োজন বিষয়ে জনাব মোঃ মহি উদ্দিন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ও জনাব মোঃ আহসান হাবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) শাখা প্রধানদের নিয়ে একটি সভা এবং ডিসেম্বর এ  কর্মশালা আয়োজনের ব্যাপারে মতামত দেন।

০৫। জনাব মোঃ রিয়াজুল ইসলাম, পরিচালক (রসায়ন) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ এর কার্যক্রম ২.২.১ এ কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ অর্থবছরের ১ম ত্রৈমাসিক এ সেপ্টেম্বর এর শেষ সপ্তাহে আয়োজনের ব্যাপারে গুরুত্ব তুলে ধরেন।


০৬। ই-গভর্ন্যান্স ও উদ্ধাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রম ২.২.৫ এ দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ অক্টোবরের শেষ সপ্তাহে পরিদর্শনের জন্য জনাব মোঃ রিয়াজুল ইসলাম, পরিচালক (রসায়ন), জনাব মোহাম্মদ জহির উদ্দিন উপ-পরিচালক (ভূপদার্থ) ও জনাব মঈন উদ্দিন আহমেদ, উপ-পরিচালক (খনন প্রকৌ.) কে একটি পরিকল্পনা প্রণয়ন করতে সভাপতি, ইনোভেশন টিম নির্দেশনা দেন এবং জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) কে পরিদর্শন কার্যক্রম বাস্তবায়নের জন্য বিভিন্ন সংস্থার সাথে গুরুত্বের সাথে যোগাযোগ রাখতে বলেন ও এ সংক্রান্ত ক্রয় কার্যক্রম শুরু করতে বলেন।

সিদ্ধান্ত

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং. | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২ মন্ত্রণালয়/ বিভাগ পর্যায়ের অফিসের জন্য | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। | অনুচ্ছেদ ১.১ এ সেবাসহজিকরণ/ ডিজিটাইজেশন এর মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | সার্কুলার জারীর মাধ্যমে উদ্ভাবনী ধারণা জমা নেয়ার হবে এবং ০৪/০৫/২৩ তারিখের মধ্যেই বাস্তবায়ন |
| ২। | অনুচ্ছেদ **১.২ এ** ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা এবং সেবা সমূহ চালু রাখা | ইতঃপূর্বে বাস্তবায়িত আইডিয়াগুলোর আইডিয়া প্রদানকারী বরাবর নির্দিষ্ট ছক সংযুক্ত করে সার্কুলার দিয়ে তথ্য এবং সেবা সমূহ চালু কিনা সে বিষয়ক প্রত্যয়ন নেয়া । |
| ৩। | অনুচ্ছেদ [১.৩] ই-নথির ব্যবহার বৃদ্ধি ও [২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সংশ্লিষ্ট কমিটির সাথে ইনোভেশন টিমের ফোকাল পয়েন্ট যোগাযোগ রাখবেন |
| ৪। | অনুচ্ছেদ ১.৪ এ ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় আইন/ পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয় ভিত্তিক কর্মশালা আয়োজন | কর্মপরিকল্পনা প্রণয়েনর জন্য শাখা প্রধানদের কে নিয়ে একটি সভা এবং ডিসেম্বর মাসে কর্মশালা আয়োজন করা হবে |
| ৫। | অনুচ্ছেদ ২.২.১ এ কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ | সেপ্টেম্বর মাসের শেষ সপ্তাহে এ সংক্রান্ত একটি প্রশিক্ষণ আয়োজন |
| ৬। | অনুচ্ছেদ ২.২.৫: দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত | অক্টোবরের শেষ সপ্তাহে পরিদর্শনের জন্য জনাব মোঃ রিয়াজুল ইসলাম, পরিচালক (রসায়ন), জনাব মোহাম্মদ জহির উদ্দিন উপ-পরিচালক (ভূপদার্থ) ও জনাব মঈন উদ্দিন আহমেদ, উপ-পরিচালক (খনন প্রকৌ.) একটি পরিকল্পনা প্রণয়ন করবেন এবং জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) পরিদর্শন কার্যক্রম বাস্তবায়নের জন্য বিভিন্ন সংস্থার সাথে যোগাযোগ ও এ সংক্রান্ত ক্রয় কার্যক্রম শুরু করবেন। |

০৭। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



সালমা আক্তার

পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি, ইনোভেশন টিম

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬৩.১৯.৪৬

তারিখ: ৬ আশ্বিন ১৪২৯

২১ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (ভূতত্ত্ব) , পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

২) পরিচালক (ভূতত্ত্ব) , ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৩) পরিচালক (রসায়ন) , বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৪) উপ-পরিচালক (ভূতত্ত্ব) -৩, অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৫) উপ-পরিচালক (ভূপদার্থ)-২ , অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৬) উপ-পরিচালক (ড্রিলিং)-৩, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৭) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৩ , ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৮) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২ , পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৯) অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

Habib

মো: আহসান হাবিব
সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ও সদস্য সচিব,
ইনোভেশন টিম